যুগান্তর

তারিখ 12 FEB 2015
পৃষ্ঠা ২৭ কলাম ৩

# ছাত্রদলের ধর্মঘটে ঢাবিতে ককটেল উদ্ধার

## ৩ ছাত্রলীগ নেতা পুরস্কৃত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগ ও সহাবস্থান দাবিতে ছাত্রদলের ডাকা অনির্দিষ্টকালের ধর্মঘটের ৪র্থ দিনে বুধবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার থেকে দুটি অবিস্ফোরিত ককটেল উদ্ধার করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বোমা নিষ্ক্রিয়কারী দল। ঘটনায় পুরো এলাকায় আতংক ছড়িয়ে পড়ে। এদিকে নাশকতাকারীদের হাতেনাতে আটক করে পুলিশে দেয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩ ছাত্রলীগ নেতাকে পুরস্কৃত করেছে ডিএমপি। অন্যদিকে ধর্মঘট ও অবরোধের সমর্থনে সকাল আটটার দিকে রাজধানীর শাহবাগ থেকে একটি মিছিল বের করে ছাত্রদল। সংগঠনের কেন্দ্রীয় নেতা মেহবুব মাসুম শান্ত ও শেখ হাসানুল বান্নার নেতৃত্বে মিছিলটি শাহবাগ থেকে শুরু হয়ে আজিজ সুপার মার্কেট হয়ে কাঁটাবনের দিকে যাওয়ার পথে পুলিশের বাধার মুখে পড়ে। তবে মিছিল থেকে কাউকে আটক করা হয়নি বলে জানিয়েছে ছাত্রদল সূত্র। কেন্দ্রীয় গ্রন্থাগার থেকে ককটেল উদ্ধারের বিষয়ে প্রত্যক্ষদর্শীরা জানান, গ্রন্থাগারের পশ্চিম দিকের বারান্দায় একটি কাগজে পেঁচানো অবস্থায় কিছু একটা দেখতে পান শিক্ষার্থীরা।